


উপজেলা পরিষদ কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ০৫/১০/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/১০/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



( মোঃ আতাউর রহমান )  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। অফিস কপি।

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার স্থান : উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৪/১০/২০২১ খ্রিঃ,

সময় : দুপুর ১২:৩০ ঘটিকায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা শিক্ষা অফিসার ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলার প্রাথমিক শিক্ষা কার্যক্রমের বর্তমান পরিস্থিতি উপস্থাপন করতে আহবান জানান।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভায় সদস্য সচিব জানান বৈশ্বিক করোনামহামারী এর প্রভাবে সরকারীভাবে ঘোষণার কারণে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়সমূহ ১৭ মার্চ ২০২০ খ্রি. হতে বন্ধ রয়েছে। তবে শিক্ষার্থীদের পড়াশোনার ধারাবাহিকতা অব্যাহত রাখার লক্ষ্যে অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় প্রাথমিক শিক্ষাকে আরো গতিশীল করার জন্য বিদ্যালয় সমূহের সকল শিক্ষক এখনো ডিজিটাল পদ্ধতিতে কন্টেন্টে প্রস্তুত করতে পারছে না অনেকে যথাযথভাবে অপারেটও করতে পারছেন। এ ব্যাপারে উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হলে শিক্ষকগণ অনলাইন ক্লাস আরো আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতে পারবেন। যদি প্রশিক্ষণের মাধ্যমে ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদানের উপর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সংশ্লিষ্ট বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করা যায় তাহলে উপজেলায় প্রাথমিক শিক্ষার মান আরো বৃদ্ধি পাবে।</p> <p>সভায় সদস্যগণ বিস্তারিত আলোচনা করে মতামত দেন যে যদি উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যায় তাহলে উপজেলার প্রাথমিক শিক্ষায় নিম্নোক্ত অর্জনসমূহ সাধিত হবে-</p> <ul style="list-style-type: none"><li>❖ শিক্ষকরা ডিজিটাল কন্টেন্ট সম্পর্কে জানবে ও তৈরী করবে।</li><li>❖ শিক্ষকরা ডিজিটাল কন্টেন্ট তৈরী করবে এবং শিক্ষার্থীদের কন্টেন্টের মাধ্যমে ক্লাস নিবে। শিক্ষার্থীরা আনন্দঘন পরিবেশে পাঠদান গ্রহণ করবে।</li><li>❖ উপজেলায় শিক্ষার মান উন্নয়ন ভূমিকা রাখবে।</li><li>❖ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা রাখবে।</li><li>❖ এসডিজি বাস্তবায়নে অগ্রগতি হবে।</li></ul> <p>উপজেলা শিক্ষা অফিসার এক্ষেত্রে তহবিল সীমাবদ্ধতার কথা জানালে উপস্থিত সদস্যগণ উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিষদে দাখিল করে অনুমোদনের মাধ্যমে উপজেলা পরিচালনা ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের সহায়তায় একটি প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে সুপারিশ করেন।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলা পরিচালনা ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের সহায়তায়- উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধির জন্য ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে একটি প্রশিক্ষণ উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব আকারে উপজেলা পরিষদের নিকট দাখিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সহকারী প্রোগ্রামার, গফরগাঁও, ময়মনসিংহকে অনুরোধ জানানো হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের সকলকে আরো আন্তরিকতার সহিত কাজ করার জন্য অনুরোধ করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোঃ আতাউর রহমান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, গফরগাঁও

ময়মনসিংহ।

তারিখঃ ১৪/১০/২০২১ খ্রি.

স্মারক নং-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

৪। অফিস কপি

উপজেলা শিক্ষা অফিসার

গফরগাঁও, ময়মনসিংহ।